



তারিখ: ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

নৈতিকতা কমিটির ৮ম (জরুরী) সভার কার্যবিবরণী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটির ৮ম (জরুরী) সভা কমিটির সভাপতি ও মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর সভাপতিত্বে অদ্য ১৩.০৪.২০২৩ তারিখ, বৃহস্পতিবার, সকাল ১০.০০টায় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- প্রফেসর ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর ড. মাহবুবা নাসরীন, প্রো-ভাইস-চ্যান্সেলর (শিক্ষা) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর সুফিয়া বেগম, ডিন, স্কুল অব এডুকেশন ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, ডিন, এসএসএইচএল ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. এ.এইচ.এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল) ও সদস্য সচিব, এপিএ টিম ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি। (আমন্ত্রণক্রমে)

উপাচার্য মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার জন্য রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি-কে নির্দেশ দেন। অতঃপর রেজিস্ট্রার মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করেন।

আলোচ্য-০১: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (খসড়া) ২০২৩-২০২৪ ইউজিসিতে দাখিল করার বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত-০১ : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (খসড়া) ২০২৩-২০২৪ আগামী ১৫.০৪.২০২৩ তারিখে এপিএমএস সফটওয়্যারে দাখিল করার বিষয়ে ইউজিসির নির্দেশনার প্রেক্ষিতে বাউবির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (খসড়া) ২০২৩-২০২৪ সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত খসড়া চুক্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সংশোধন সাপেক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৩-২৪) অনুমোদন করা হয়:

- সাম্প্রতিক (৩ বছরের) প্রধান অর্জনসমূহে সিটিজেন চার্টার তৈরির বিষয়টি সংযুক্তকরণ;

১


১

১


- অভিলক্ষ্যের অর্থে 'বহুমুখী পন্থার' পরিবর্তে 'তথ্য ও প্রযুক্তির সর্বাধিক ব্যবহার' এবং 'দক্ষ জনগোষ্ঠীর পরিবর্তে 'দক্ষ মানবসম্পদ' অন্তর্ভুক্তকরণ;
- কর্মসম্পাদনের ক্ষেত্র-এর ২য় বুলেটের ক্ষেত্রে 'তথ্য ও প্রযুক্তি নির্ভর মূর্ধ শিল্প বিপ্লব' সংযোজনকরণ
- কর্মসম্পাদন ক্ষেত্রের মূর্ধ বুলেটের ক্ষেত্রে 'জাতীয় ও আন্তর্জাতিক শিক্ষক-গবেষক ও ফেলোদের সাহায্যে' সংযুক্তকরণ;
- প্রকাশিত জার্নালের ক্ষেত্রে লক্ষ্যমাত্রায় ৩ টি জার্নাল প্রকাশের বিষয়টি অন্তর্ভুক্তকরণ।

উপরোক্ত সংযোজন সাপেক্ষে উপস্থাপিত বাউবির বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (খসড়া) ২০২৩-২৪ এপিএমএস সফটওয়্যারে দাখিল করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ড. মহাঃ শফিকুল আলম
 রেজিস্ট্রার

ও
 সদস্য-সচিব, মৈতিকতা কমিটি
 বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।


 অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার
 উপাচার্য

ও
 সভাপতি, মৈতিকতা কমিটি
 বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।